

# সমকালী

একুশে বইমেলা

## বাড়ছে বই, বাড়ছে ভিড়

প্রকাশ: ০৬ ফেব্রুয়ারি ২৩ | ০০:০০ | আপডেট: ০৬ ফেব্রুয়ারি ২৩ | ০৫:২৪ | প্রিন্ট সংক্রান্ত

### লাতিফুল ইসলাম



মুক্তিযুদ্ধের শ্রেষ্ঠ উপন্যাস  
সেবন শামসুল হিক  
আগামী প্রকাশনী



সংগীত পরিষৎ, ধারকবেগ  
সিদ্ধান্ত ইসলাম চৌধুরী



তোমার এশৰ্য  
তোমার মাধুর্য  
মহামের সর্বা বিভাস



প্রলয়  
মুহাম্মদ জামিন ইকবাল  
সময়



মাল্টিমিডিয়া জার্নালিজম  
সবুজ ইতিবুঝ  
ইত্যানি



হালকা রোদের দুপুর  
সামা রাহিয়ান  
বিন্দু



সময়ের কুয়াশায়  
প্রবন্ধগুচ্ছ  
ইতিপিরোল



সেকালের ছবিওয়ালা  
তারেক আজিজ  
কবি প্রকাশনী

সোহরাওয়াদী উদ্যানের স্বাধীনতা স্তম্ভের পাশের স্টলগুলোতে ঘুরে ঘুরে বই দেখছিলেন জান্নাতুন নাইমা। বুমুরি প্রকাশনীর দিকে তাকিয়ে হঠাত থেমে গেলেন তিনি। একটু এগিয়ে স্টলটিতে সাজানো বইগুলোর মধ্য থেকে তুলে নিলেন কবি নির্মলেন্দু গুণের নতুন কাব্যগ্রন্থ 'সূর্যটা হেলে পড়েছে'। এ সময় সূর্যটা সত্যি হেলে পড়েছে। সন্ধ্যা নামার মুখে কথা হয় জান্নাতুনের সঙ্গে। তিনি বলেন, ভিড় এড়াতে শুক্র ও শনিবার আসা হয়নি। অনেক নতুন বই এসেছে। স্টলে ঘুরে ঘুরে সেগুলো দেখছেন। পছন্দের লেখকের বই পেলে সংগ্রহ করছেন।

গতকাল রোববার অমর একুশে বইমেলার পঞ্চম দিনে নতুন ৭৩টি বই এসেছে। দ্বিতীয় দিন থেকে এ পর্যন্ত এসেছে মোট ৩০৩টি নতুন বই। শুক্র ও শনিবার সাপ্তাহিক ছুটি শেষে গতকালও দর্শক-ক্রেতা ও লেখক-পাঠকের পদচারণায় মুখর ছিল মেলা প্রাঙ্গণ। দুপুরের পর থেকে ভিড় বাড়তে থাকে। এমন

লোকসমাগমে লেখক ও প্রকাশকরা বেশ খুশি।

বিকেলে মেলা প্রাঙ্গণে দেখা হয় কথাসাহিত্যিক ইমদাদুল হক মিলনের সঙ্গে। এ বছর অনন্যা প্রকাশনী থেকে তাঁর আত্মজীবনী 'যে জীবন আমার ছিল' প্রকাশ হয়েছে। অনন্যার স্টলের সামনে দাঁড়িয়ে তিনি বলেন, লেখালেখির বয়স ৫০ বছর হলো। তাই ভাবলাম, আত্মজীবনী প্রকাশ করা যাক। লেখালেখি করতে গিয়ে যে অভিজ্ঞতা সঞ্চয় হয়েছে, সেগুলোই এই বইয়ে সংকলিত হয়েছে।

এবারের মেলা সম্পর্কে তিনি বলেন, শুরু থেকেই যে সমাগম দেখা যাচ্ছে, তাতে ভালোই লাগছে। তবে মনে হচ্ছে, স্টলগুলো একদম গা ঘেঁষাঘেঁষি করে দাঁড়িয়ে আছে। মাঝে আরেকটু জায়গা থাকলে সুন্দর হতো।

বাংলা প্রকাশনীর কর্মকর্তা নুরুন নবী বলেন, দুই ছুটির দিনে বিক্রি অনেক ভালো হয়েছে। গতকালও অনেক পাঠক এসেছেন, বই কিনেছেন।

শিশুকন্যাকে নিয়ে মেলায় প্রবেশের জন্য ইঞ্জিনিয়ার্স ইনসিটিউশনের দিকে আসেন তানভীর হোসাইন। কিন্তু ফটকটি বন্ধ থাকায় ঘুরে চলে যাচ্ছিলেন। তিনি বলেন, এই ফটক খোলা থাকলে এখানে গাড়ি পার্কিং করে মেলায় ঢোকা যায়। টিএসসি প্রান্তে পার্কিংয়ের সুযোগ নেই। এখন শাহবাগ ঘুরে মেলায় প্রবেশ করতে হবে।

আগামী প্রকাশনীর স্বত্তাধিকারী ওসমান গণি বলেন, মেলায় শুধু দর্শনার্থী-পাঠকের ভিড় লক্ষ্য করার মতো। শুরু থেকেই বই বিক্রি ভালো। তবে ইঞ্জিনিয়ার্স ইনসিটিউশনের দিকের ফটকটি বন্ধ থাকায় অনেকে ভোগান্তিতে পড়ছেন। ফটকটি বন্ধ রাখা ঠিক হয়নি।

এ বিষয়ে শাহবাগ থানার ওসি নুর মোহাম্মদ বলেন, নিরাপত্তা ও অন্যান্য কারণে ইঞ্জিনিয়ার্স ইনসিটিউশনের দিকের ফটকটি বন্ধ রাখা হয়েছে। বাংলা একাডেমির সঙ্গে বৈঠকেই এ সিদ্ধান্ত হয়।

বইমেলা পরিচালনা কমিটির সদস্য সচিব ডা. কে এম মুজাহিদুল ইসলাম বলেন, মেলা শুরুর আগে পুলিশের সঙ্গে সভায় ডিএমপি কমিশনার ইঞ্জিনিয়ার্স ইনসিটিউশনের দিকের ফটক খোলা রাখতে বলেন। কিন্তু পরে তাঁদের পক্ষ থেকেই ফটকটি বন্ধ রাখতে বলা হয়। শুধু শুক্র ও শনিবার এবং বিশেষ দিনে এটি খোলা থাকবে।

গতকাল বিকেল ৪টায় বইমেলার মূল মঞ্চে অনুষ্ঠিত হয় 'স্মরণ :সমরজিঃ রায়চৌধুরী' শীর্ষক আলোচনা অনুষ্ঠান। এতে প্রবন্ধ উপস্থাপন করেন জাহিদ মুস্তাফা। আলোচনায় অংশ নেন মইনুন্দীন খালেদ এবং মুস্তাফা জামান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শিল্পী হাশেম খান।

'লেখক বলছি' অনুষ্ঠানে নিজেদের নতুন বই নিয়ে আলোচনা করেন কুদরত-ই-গুদা, বায়তুল্লাহ কাদেরী, আবু সাইদ তুলু ও ফরিদুর রহমান। সাংস্কৃতিক অনুষ্ঠানে কবিতা পাঠ করেন কবি আলতাফ হোসেন, আসলাম সানী ও মারুফ রায়হান। আবৃত্তি করেন মীর বরকত, ইকবাল খোরশেদ ও কাজী

বুশরা আহমেদ তিথি। ফয়জুল আলম পাঞ্জুর পরিচালনায় ছিল আবৃত্তি সংগঠন 'প্রকাশ সাহিত্য সাংস্কৃতিক সংগঠন'-এর পরিবেশনা। সংগীত পরিবেশন করেন ইয়াকুব আলী খান, সালাউদ্দিন আহমদ, সুজিত মোস্তফা, বিজন চন্দ্র মিস্ত্রী ও প্রিয়াঙ্কা গোপ।

আজ ষষ্ঠি দিনে বিকেল ৩টায় বইমেলা শুরু হয়ে চলবে রাত ৯টা পর্যন্ত। বিকেল ৪টায় মূল মঞ্চে আছে 'স্মরণ :কাজী রোজী' এবং 'স্মরণ :দিলারা হাশেম' শীর্ষক আলোচনা অনুষ্ঠান।

---

© সমকাল ২০০৫ - ২০২৩

তারপ্রাপ্ত সম্পাদক : মোজাম্বেল হোসেন। প্রকাশক : আবুল কালাম আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :  
+৮৮০১৭১৪০৮০৩৭৮ | ই-মেইল: [samakalad@gmail.com](mailto:samakalad@gmail.com)